২১

দৈনিক ইত্তেফাক

তারিখ OCT 19 1999
পৃষ্ঠা ১৫ কলাম ৬

## গণতান্ত্রিক ছাত্রঐক্যের ৪-দফা কর্মসূচী

ঢাকা বিশ্ববিদ্যালয় হইতে সংবাদদাতা ॥ গণতান্ত্রিক ছাত্রঐক্য গতকাল (সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয় মধুর ক্যান্টিনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে ছাত্র ধর্মঘট চলাকালীন পুলিশ এবং বিশ্ববিদ্যালয় প্রশাসনের ন্যক্কারজনক ভূমিকার জন্য চারদফা আন্দোলনের কর্মসূচী ঘোষণা করিয়াছে। সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সভাপতি নূরুল ইসলাম লিখিত বক্তব্য পাঠ করেন। এ সময় সাইফুর রহমান তপন, মঞ্জুর এ খোদা টরিক, হাসান তারিক, শরীফুর রহমান প্রমুখ ছাত্রঐক্য নেতা উপস্থিত ছিলেন।

চার দফা কর্মসূচীর মধ্যে রহিয়াছে, ১৩ ও ১৪ অক্টোবর ছাত্র ধর্মঘট চলাকালীন পরীক্ষাসমূহ বাতিলের দাবীতে ২৬ অক্টোবর মিছিল ও সমাবেশ। ১ নভেম্বর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বর্ধিত ফি প্রত্যাহারসহ অবিলম্বে উহা খুলিয়া দেওয়ার দাবীতে মিছিল, সমাবেশ। ১০ নভেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৬০ জন সন্ত্রাসীর নাম প্রকাশ এবং পুলিশ নির্যাতনের প্রতিবাদে দেশব্যাপী মিছিল, সমাবেশ। ২০ নভেম্বর সকল বিশ্ববিদ্যালয় এবং কলেজ প্রতিনিধিদের লইয়া কেন্দ্রীয়ভাবে প্রতিনিধি সভা এবং নূতন কর্মসূচী ঘোষণা।